



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2020

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো নতুন নির্দেশিকা ঘোষণা করেছেন যাতে রাজ্যের বাইরের ভ্রমণকারীরা বাধ্যতামূলকভাবে 14-দিনের কোয়ারান্টাইনের পরে "পরীক্ষা করিয়ে বেরোতে" হবে

পর্যটকদের অবশ্যই নিউ ইয়র্কে অবতরণের তিন দিন আগের সময়ের মধ্যে পরীক্ষা করাতে হবে, আগমনের পর অন্তত তিন দিনের জন্য কোয়ারান্টাইন এ থাকতে হবে, এবং আগমনের চতুর্থ দিনে একটি পরীক্ষা করাতে হবে

যদি ভ্রমণকারীরা কোয়ারান্টাইনের চতুর্থ দিনে একটি নেতিবাচক পরীক্ষার ফল লাভ করেন তাহলে তারা কোয়ারান্টাইন থেকে প্রস্থান করতে পারে যখন তারা নেতিবাচক ফলাফল পাবেন

যে সব রাজ্য নিউ ইয়র্কের সাথে যুক্ত তাদের কোয়ারান্টাইন প্রোটোকল থেকে অব্যাহতি দেওয়া হচ্ছে - অত্যাবশ্যকীয় কর্মীদেরও অব্যাহতি দেওয়া হচ্ছে

যে ভ্রমণকারীরা যারা 24 ঘন্টার কম সময় রাজ্যের বাইরে ছিলেন তাদের কোয়ারান্টাইনের প্রয়োজন নেই কিন্তু NY-এ ফিরে আসার চতুর্থ দিনে অবশ্যই একটি পরীক্ষা করাতে হবে

উপদেষ্টা দ্বারা আওতাভুক্ত সকল ভ্রমণকারীকে অবশ্যই নিউ ইয়র্ক রাজ্যে আগমনের পর ভ্রমণকারীর স্বাস্থ্য ফর্ম পূরণ করা চালিয়ে যেতে হবে

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ নতুন নির্দেশিকা ঘোষণা করেছেন যাতে নিউ ইয়র্ক বাইরের রাজ্য থেকে আসা ভ্রমণকারীরা বাধ্যতামূলকভাবে 14 দিনের কোয়ারান্টাইন থেকে "পরীক্ষা করিয়ে বেরোতে" হবে। নিউ ইয়র্কের সাথে যুক্ত রাজ্যগুলি থেকে আসা ভ্রমণকারীরা ভ্রমণ উপদেষ্টা থেকে অব্যাহতি পাবেন; কিন্তু, আবৃত পর্যটকদের অবশ্যই [ভ্রমণকারীর স্বাস্থ্য ফর্ম](#) পূরণ করা চালিয়ে যেতে হবে। অত্যাবশ্যকীয় কর্মীরাও অব্যাহতি পেতে থাকবেন। নতুন প্রোটোকল 4 নভেম্বর বৃহস্পতিবার কার্যকর হবে।

"রাজ্যের জাহাজ ভালোভাবে চলছে: নিউ ইয়র্ক জাতির তৃতীয় সর্বনিম্ন ইতিবাচকতার হার এবং নিউ ইয়র্কবাসীদের তাদের কাজের জন্য গর্বিত হওয়া উচিত। কিন্তু, ভ্রমণ একটি চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে - বাকি রাজ্যগুলি একটি বিপদের ঝুঁকি থেকে গেছে। আমরা একটি নতুন পরিকল্পনায় যাচ্ছি পরিবর্তনশীল তথ্যের কথা মাথায় রেখে, এবং বিশেষজ্ঞরা পরামর্শ দিচ্ছেন

যে আমরা একটি পরীক্ষামূলক নীতিতে সরে যাই," **গভর্নর কুওমো বলেন।** "তাই কোন কোয়ারান্টাইন তালিকা থাকবে না; সারা দেশে একটিই নিয়ম প্রযোজ্য হবে। আমরা তথ্য এবং বিজ্ঞান অনুসরণ করে এই ভাইরাসের বক্ররেখা কে বাঁকাতে পেরেছি, এবং আমরা এই নতুন নির্দেশিকার সাথে সেই দৃষ্টিভঙ্গিই অব্যাহত রেখে চলেছি।"

রাজ্যের বাইরে থেকে নিউ ইয়র্ক স্টেটের কোন ভ্রমণকারীর জন্য, সংযুক্ত রাজ্যগুলি বাদ দিয়ে, বাধ্যতামূলক 14 দিনের কোয়ারান্টাইন থেকে পরীক্ষা করিয়ে বেরোনোর উদ্দেশ্যে পশটকদের জন্য নতুন নির্দেশিকা নিচে দেওয়া হল:

- 24 ঘন্টার বেশি সময় ধরে অন্য রাজ্যে থাকা পশটকদের জন্য:
  - সেই রাজ্য থেকে বিদায়ের তিন দিনের মধ্যে ভ্রমণকারীদের অবশ্যই একটি পরীক্ষা করাতে হবে।
  - ভ্রমণকারীকে অবশ্যই নিউ ইয়র্কে পৌঁছানোর পরে তিন দিনের জন্য কোয়ারান্টাইন করাতে হবে।
  - তাদের কোয়ারান্টাইনের 4 নম্বর দিনে, ভ্রমণকারীকে অবশ্যই আরেকটি COVID পরীক্ষা করাতে হবে। যদি উভয় পরীক্ষার ফল নেতিবাচক হয়, ভ্রমণকারী দ্বিতীয় নেতিবাচক ডায়াগনস্টিক পরীক্ষার ফল প্রাপ্তির পর তাড়াতাড়ি কোয়ারান্টাইন থেকে বের হতে পারেন।
- যে সব পশটক 24 ঘন্টার কম সময় ধরে অন্য রাজ্যে ছিলেন তাদের জন্য:
  - ভ্রমণকারীর অন্য রাজ্য থেকে বিদায় নেওয়ার আগে কোন পরীক্ষার করানোর প্রয়োজন নেই, এবং নিউ ইয়র্ক স্টেটে আসার পর তার কোয়ারান্টাইন করার প্রয়োজন নেই।
  - কিন্তু, ভ্রমণকারীকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে প্রবেশের পর ভ্রমণকারীর তথ্যের ফর্ম পূরণ করতে হবে, এবং নিউ ইয়র্কে আসার 4 দিন পর একটি COVID ডায়াগনস্টিক টেস্ট করাতে হবে।

স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলো পরীক্ষাগুলির বৈধতা যাচাই করবে, যদি প্রয়োজন হয়, এবং যদি কোন পরীক্ষা ইতিবাচক হয়ে ফিরে আসে, তাহলে তারা বিচ্ছিন্নতার আদেশ জারি করবে এবং কন্ট্যাক্ট ট্রেসিং শুরু করবে। স্থানীয় স্বাস্থ্য বিভাগকে অবশ্যই ভ্রমণকারী যে রাজ্য থেকে এসেছেন, তার সাথে যোগাযোগ করতে হবে, যাতে সেখানে কন্ট্যাক্ট ট্রেসিং সেখানেও করা হয় তা নিশ্চিত করার জন্য। নিউ ইয়র্ক স্টেটের শক্তিশালী কন্ট্যাক্ট ট্রেসিং প্রোগ্রামে অবদান রাখার জন্য সকল ভ্রমণকারীকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে পৌঁছানোর পর ভ্রমণকারীদের তথ্যের ফর্ম পূরণ করতে হবে।

আরও সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)

নিউ ইয়র্ক স্টেট | এম্ব্রিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)